# দুর্নীতি নিয়ন্ত্রণে বিএনপির সফল ইতিহাস রয়েছে: তারেক রহমান



সংগৃহীত ছবি

দুর্নীতি দমন থেকে শুরু করে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ এসব ক্ষেত্রে বিএনপির "সুস্পষ্ট ও সফল রেকর্ড" রয়েছে বলে মন্তব্য করেছেন দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, জনগণ এখন কথার ফুলঝুরি নয়, টেকসই সমাধান চায়, আর বিএনপি সেই পরিকল্পনাই সামনে আনছে।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) বিকেলে রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউটে 'বিএনপির দেশ গড়া' শীর্ষক আলোচনায় ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এসব কথা বলেন।

তিনি জানান, বিএনপি ক্ষমতায় থাকাকালে দুর্নীতির সূচক কমেছিল এবং সরকার প্রতিবারই কঠোরভাবে অনিয়ম দমনে পদক্ষেপ নিয়েছে। তিনি উদাহরণ হিসেবে উল্লেখ করেন—জিয়াউর রহমানের শাসনামলে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতার পথে অগ্রগতি এবং ২০০১–২০০৬ মেয়াদে দুর্নীতি কমিয়ে আনার উদ্যোগ।

নারী স্বাবলম্বিতা বৃদ্ধির অঙ্গীকার তুলে ধরে তারেক রহমান বলেন, বিএনপি সরকার গঠন করলে প্রায় চার কোটি পরিবারের নারী প্রধানদের জন্য 'ফ্যামিলি কার্ড' চালু করা হবে। এতে পিছিয়ে থাকা পরিবারগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে। তাঁর ভাষায়, "দেশের অর্ধেক মানুষ নারী। তাঁদের ঘরে রেখে নয়—স্বাবলম্বী করেই এগিয়ে নিতে চাই।"

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে কঠোর অবস্থানের কথাও জানান তিনি। বলেন, "অন্যায়কারী যে-ই হোক, বিএনপির কেউ হলেও ছাড় দেওয়া হবে না। অতীতেও দলীয় পরিচয় নয়—আইনের মাধ্যমে বিচার হয়েছে।"

দেশের সার্বভৌমত্ব রক্ষায় বিএনপির ভূমিকার কথা তুলে ধরে তিনি বলেন—তালপট্টির অধিকার প্রতিষ্ঠা, সীমান্ত ও পানির ন্যায্য প্রাপ্তির মতো জাতীয় ইস্যুতে দল সবসময় দৃঢ় অবস্থান নিয়েছে।

তারেক রহমানের দাবি, "জনগণের অধিকার, ভোটাধিকারের জন্য হাজারো মানুষ ত্যাগ স্বীকার করেছে। আর এখন দেশের মানুষ বাস্তবসম্মত পথচলার পরিকল্পনাই চায়—যা বিএনপির হাতেই আছে।"